

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২২৯

পরিচ্ছেদঃ খিলাফত।

بَابُ مَا جَاءَ فِي الخِلاَفَةِ

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا سُرَيْجُ بْنُ النُّعْمَانِ، حَدَّتَنَا حَشْرَجُ بْنُ نُبَاتَةَ، عَنْ سَعِيدِ بْنِ جُمْهَانَ، قَالَ حَدَّثَنِي سَفِينَةُ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْخِلاَفَةُ فِي جُمْهَانَ، قَالَ حَدَّثَنِي سَفِينَةُ أَمْسِكْ خِلاَفَةَ أَمْسِكْ خِلاَفَةَ أَمْسِكْ خِلاَفَةَ أَمْسِكْ خِلاَفَةَ أَمْسِكْ خِلاَفَةَ عَلْمَ وَخِلاَفَةَ عُمْرَ وَخِلاَفَةً عُثْمَانَ . ثُمَّ قَالَ لِي أَمْسِكْ خِلافَةَ عَلِيّ . قَالَ فَوَجَدْنَاهَا ثَلاَثِينَ سَنَةً . قَالَ سَعِيدٌ فَقُلْتُ لَهُ إِنَّ بَنِي أُمَيَّةَ يَزْعُمُونَ أَنَّ الْخِلاَفَةَ فِيهِمْ . قَالَ كَذَبُوا بَنُو الزَّرْقَاءِ بَلْ هُمْ مُلُوكٌ مِنْ شَرِّ الْمُلُوكِ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَعَلِيِّ قَالاَ لَمْ يَعْهَدِ النَّبِيُّ صَلَى الله عليه وسلم فِي الْخِلاَفَةِ شَيْئًا . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ قَدْ رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ صَعِيدِ بْنِ جُمْهَانَ وَلاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ سَعِيدِ بْنِ جُمْهَانَ وَلاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ سَعِيدِ بْنِ جُمْهَانَ وَلاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ سَعِيدِ بْنِ جُمْهَانَ .

## বাংলা

২২২৯. আহমাদ ইবন মানী' (রহঃ) ..... সাফীনা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মতের খিলাফত হবে ত্রিশ বছর। এরপর হবে বাদশাহী। সহীহ, সহিহাহ ৪৫৯, ১৫৩৪, ১৫৩৫, তিরমিজী হাদিস নম্বরঃ ২২২৬ [আল মাদানী প্রকাশনী]

বর্ণনাকারী সাঈদ (রহঃ) বলেন, অতপর সাফিনা রাদিয়াল্লাহু আনহু আমাকে বললেনঃ আবূ বকর রাদিয়াল্লাহু আনহু-এর খিলাফত কাল গণনা কর। পরে বললেনঃ উমার ও উসমান রাদিয়াল্লাহু আনহু-এর খিলাফতকাল গণনা কর। এরপর বললেনঃ আলী রাদিয়াল্লাহু আনহু-এর খিলাফতকাল গণনা কর। গনে দেখলাম যে, এ পর্যন্ত ত্রিশ বছর হয়ে যায়।

সাঈদ (রহঃ) বলেনঃ আমি তাঁকে বললাম, বানূ উমাইয়ারা তো বলে যে তাদের মাঝেও খিলাফত বিদ্যমান? তিনি বললেনঃ যারকার সন্তানরা (বানূ উমাইয়া) মিথ্যা বলেছে বরং এরা তো নিকৃষ্ট বাদশাহের অন্তর্ভুক্ত বাদশাহের দল। এ বিষয়ে উমার ও আলী রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত আছে যে, তারা বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম খিলাফত বিষয়ে কোন ওয়াসীয়ত করে যান নাই।

এ হাদীসটি হাসান। একাধিক রাবী এটি সাঈদ ইবন জুমহান (রহঃ) এর বরাতে বর্ণনা করেছেন। তাঁর রিওয়ায়াত ছাডা এটি সম্পর্কে আমরা অবহিত নই।

## **English**

Sa'eed bin Jumhan narrated:

"Safinah narrated to me, he said: 'The Messenger of Allah(s.a.w) said: "Al-Khilafah will be in my Ummah for thirty years, then there will be monarchy after that."' Then Safinah said to me: 'Count the Khilafah of Abu Bakr,' then he said: 'Count the Khilafah of 'Umar and the Khilafah of 'Uthman.' Then he said to me: 'Count the Khilafah of 'Ali."' He said: "So we found that they add up to thirty years." Sa'eed said: "I said to him: 'Banu Umaiyyah claim that the Khilafah is among them.' He said: 'Banu Az-Zarqa' lie, rather they are a monarchy, among the worst of monarchies."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফীনাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন